

ব্যবস্থাপনা পরিচালকের সংক্ষিপ্ত পরিচিতি

কমডোর সুমন মাহমুদ সাক্বির, (এনডি), এনজিপি, এনডিসি, পিএসসি, ১৯৮৭ সালের ১ জুলাই বাংলাদেশ নৌবাহিনীর এক্সিকিউটিভ শাখায় কমিশন লাভ করেন। পেশাগত জীবনে তিনি বিভিন্ন কমান্ড, স্টাফ ও ট্রেনিং অ্যাপয়েন্টমেন্ট এ নিয়োজিত ছিলেন। তিনি পেট্রোল ক্রাফট, মাইন সুইপার, অফশোর পেট্রোল ভেসেল, মিসাইল করভেট ও প্রশিক্ষণ ঘাঁটি বিএনএস তি তুমীর কমান্ড করেন। এছাড়া স্টাফ অফিসার হিসেবে নৌবাহিনী প্রধানের ফ্ল্যাগ লেফটেন্যান্ট, নৌবাহিনীর প্রধানের সেক্রেটারি, নৌবাহিনী সদর দপ্তরের নৌ অপারেশন্স পরিদপ্তর এর স্টাফ অফিসার অপারেশনস, উপপরিচালক অপারেশনস, পরিচালক ট্রেনিং এবং পরিচালক ওয়েলফেয়ার হিসেবে দায়িত্বপালন করেন। তিনি মিরপুর স্টাফ কলেজ ও ন্যাশন্যাল ডিফেন্স কলেজ থেকে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ করেন। নৌবাহিনীর করভেট-২ নির্মাণ প্রকল্পের প্রজেক্ট অফিসার হিসেবে তিনি চীনে দায়িত্ব পালন করেন। এছাড়াও জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীর সদস্য হিসেবে তিনি কঙ্গোতে দায়িত্ব পালন করেছেন। তিনি ১লা অক্টোবর ২০১৯ সালে বাংলাদেশ শিপিং কর্পোরেশনে ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদান করেন।

নৌবাহিনীর বিভিন্ন অপারেশনস ও প্রশিক্ষণ কর্মকান্ডে অবদান রাখার জন্য তিনি শান্তিকা লীন পদক, নৌ গৌরব পদক ও নৌপ্রধানের প্রশংসা পদক লাভ করেন। তিনি ব্যক্তিগত জীবনে এক কন্যা ও এক পুত্র সন্তানের জনক। অবসর সময়ে তিনি বই পড়তে ভালোবাসেন।